# যুব সমাজের অবক্ষয়, কারণ ও প্রতিকার

বিভাগ/অধ্যায়ঃ যুব সমাজের অবক্ষয় ও তার কারণ

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

প্রচার মাধ্যম:

বর্তমানে যুব সমাজের চরিত্র হরণের অন্যতম উপকরণ হল, প্রচার মাধ্যম। পেপার, পত্রিকা, ম্যাগাজিন, রেডিও, টেলিভিশন ইত্যাদি বর্তমানে যুবকদের বিপথগামী করা এবং তাদের নৈতিক পতনের অন্যতম কারণ। এ সব প্রচারমাধ্যম নারী ও পুরুষের নগ্ন ছবি, উলঙ্গ, অর্ধ উলঙ্গ চিত্র ও বিভিন্ন প্রকারের খারাব দৃশ্য দ্বারা ভরে থাকে। ফলে যুবকরা এ সব খারাব দৃশ্য দেখে প্রভাবিত হচ্ছে এবং অপকর্মের প্রতি ধাবিত হচ্ছে। যেখানে প্রচার মাধ্যমগুলোর কাজ ছিল মানুষের নিকট সঠিক ও বস্তুনিষ্ঠ খবরগুলো তুলে ধরা, মানুষকে অন্যায় অপরাধ থেকে সতর্ক করা এবং মানুষের চারিত্রিক উন্নতি সাধনে কাজ করে যাওয়া, তা না করে, বর্তমানে প্রচার মাধ্যমগুলো মিথ্যা খবর পরিবেশন করে মানুষের মধ্যে বিভ্রান্ত চড়াচ্ছে এবং মানুষকে অপরাধপ্রবণ করে তুলছে এবং অপকর্মের প্রতি টেনে নিয়ে যাচ্ছে। প্রচার মাধ্যমগুলো আমাদের ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতিকে মুছে দিয়ে পশ্চিমা দুনিয়ার-বিজাতীয় সংস্কৃতিকে আমাদের মুসলিম দেশগুলোতে বাস্তবায়ন করতে চায়। কিন্তু এর পরিণতি যে কত ভয়াবহ ও বিপদজনক তা আমাদের মুসলিম যুবকরা বুঝতে পারছে না এবং তা বুঝার জন্য যে পরিমাণ জ্ঞান-বুদ্ধি ও বিচক্ষণতা দরকার তা তাদের অনুপস্থিত। আমাদের মুসলিম যুবকদের পশ্চিমাদের বিষাক্ত ছোবল থেকে বাচাতে হলে, প্রচার মাধ্যমগুলোকে অবশ্যই নিয়ন্ত্রণ করতে হবে এবং মিথ্যা খবর পরিবেশন থেকে বিরত রাখতে হবে। বিশেষ করে টেলিভিশন, রেডিও ইত্যাদিতে যুবকরা খারাপ সিনেমা, নাটক, গান-বাজনা ইত্যাদি দেখে এবং শোনে এক অজানা গন্তব্যের দিকে ধাবিত হচ্ছে। তারা বুঝতে পারছে না যে তাদের পরিণতি ও ভবিষ্যৎ কত অন্ধকার। শুধু আমরা টেলিভিশন, পত্রিকা, রাজনৈতিক মঞ্চ এবং সভা সেমিনারে যতই নান্দনিক এবং শ্রুতিমধুর ভুলি বর্ষণ করি না কেন, সুন্দর ও আলোকিত সমাজ এবং সমৃদ্ধ জাতি গড়তে হলে সবচেয়ে বেশী গুরুত্ব দিতে হবে আমাদের এ প্রজন্ম যুব সমাজের নৈতিক উন্নতির প্রতি। অবক্ষয় থেকে বাঁচতে হলে প্রতিষ্ঠা করতে হবে একটি মাদক মুক্ত, পশ্চিমা সংস্কৃতির নগ্ন ছোবল থেকে মুক্ত একটি আধুনিক সমাজ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10442

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন